



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নোয়াখালী সরকারী কলেজ

www.noakhacol.gov.bd



বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণিতে ভর্তি (শিক্ষাবর্ষ : ২০২০-২০২১)

তারিখ: ১০/০৯/২০২০ খ্রি.

২০২০-২১ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক নোয়াখালী সরকারী কলেজে একাদশ শ্রেণিতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

১। নোয়াখালী সরকারী কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ১৩/০৯/২০২০ তারিখ হতে ১৭/০৯/২০২০ তারিখ পর্যন্ত শিওরক্যাশ-এ ভর্তি ফি জমাদান সাপেক্ষে সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়ায় ভর্তি কার্যক্রম চলবে।

২। শিওরক্যাশ-এর যেকোন বুথের মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে। ভর্তি ফি: বিজ্ঞান শাখা- ছাত্র: ১৯৯০/-, ছাত্রী- ১৭৫০/- টাকা, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা- ছাত্র: ১৮৯০/-, ছাত্রী: ১৬৫০/- টাকা।

- ২০২০ সালের পূর্বে এসএসসি পরীক্ষা উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে শিক্ষা বিরতি ফি বাবত অতিরিক্ত ১৫০/- (একশত পঞ্চাশ) জমা দিতে হবে।

৩। ভর্তি ফি প্রদানের পর শিওরক্যাশ থেকে মোবাইলে একটি Transaction ID আসবে। পরবর্তীতে নোয়াখালী সরকারী কলেজের ভর্তির ওয়েব সাইট-এ অনলাইন ভর্তি ফরম পূরণ করার সময় এই Transaction ID প্রদান না করলে পূরণকৃত ভর্তি ফরমটি ডাউনলোড করা যাবে না।

৪। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ১৩/০৯/২০২০ তারিখ সকাল ১১:০০ টা হতে ১৭/০৯/২০২০ তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে নোয়াখালী সরকারী কলেজের ভর্তির ওয়েব সাইট <http://noakhacollege.eshiksabd.com> এ গিয়ে অনলাইন ভর্তি ফরম পূরণ করতে হবে।

অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- নোয়াখালী সরকারী কলেজে ভর্তির ওয়েব সাইট <http://noakhacollege.eshiksabd.com> এ গিয়ে নিম্নোক্ত User Name ও Password দিয়ে ক্লিক করতে হবে।
- User Name: ncstudent এবং Password: ncstudent দিয়ে Sign In করতে হবে।
- Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- Click for New Admission বাটন ক্লিক করতে হবে।
- Select Department (Science/Humanities/Business Studies) এবং Enter SSC Roll (6 Digit) ঘর দুটি পূর্ণ করে Check for Admission বাটন ক্লিক করলে ভর্তি ফরম open হবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Submit বাটন ক্লিক করলে প্রক্রিয়াটি সম্পন্ন হবে।

ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা ছবি ব্যবহার করতে হবে। পূরণকৃত ফরম ডাউনলোড করে নিজের সংগ্রহে রাখতে হবে। পরবর্তীতে স্বয়ংক্রিয়ভাবে অভিভাবকের মোবাইলে ভর্তির নিশ্চায়নসহ শ্রেণি রোল প্রদান করা হবে। এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

৫। শুধুমাত্র মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিলপূর্বক শিওর ক্যাশে টাকা জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। মুক্তিযোদ্ধা (FQ) কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

(ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং পিতার এসএসসি'র সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি, (ঙ) মুক্তিযোদ্ধা নানা হলে 'মাতার' জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের মূল ও ফটোকপি, (চ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার কপি এবং (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি।

৬। ভর্তিকৃত শিক্ষার্থীরা শ্রেণি রোল অনুসারে কলেজ কর্তৃক নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে Finger Print এর মাধ্যমে বায়োমেট্রিক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, পরবর্তীতে এই Finger Print এর মাধ্যমে শিক্ষার্থীর হাজিরা গ্রহণ করা হবে।

৭। একাদশ শ্রেণির ক্লাস রুটিন অনুযায়ী অনলাইনে শুরু হবে। ক্লাস রুটিন নোয়াখালী সরকারী কলেজ ওয়েবসাইটে ও ফেসবুক পেজে <https://www.facebook.com/noakhaligovernmentcollege1963/> যথাসময়ে পাওয়া যাবে।

৮। পরবর্তীতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এর ০২ কপি ফটোকপি, প্রশাংসাপত্রের মূলকপি এর ০২ কপি ফটোকপি এবং ডাউনলোডকৃত ভর্তি ফরম জমা দিতে হবে।

৯। নোয়াখালী সরকারী কলেজে ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যের জন্য যোগাযোগ- জনাব মো: কামরুল হাছান, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, মোবাইল: ০১৭১৭৫২১২৮৬

অধ্যক্ষ

নোয়াখালী সরকারী কলেজ

আহবায়ক

একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২০-২০২১

নোয়াখালী সরকারী কলেজ

মোবাইল: ০১৭১৬৩৫৪৯৪০